দৈনিক বাংলা ৩০

তারিখ ...১১.৯.৯১...
পৃষ্ঠা ...৭... কলাম ...৬...

২৯

# ময়মনসিংহে শিক্ষকের ১৭৮টি পদ খালি

।। নিজস্ব সংবাদদাতা ।।

ময়মনসিংহ, ৯ই সেপ্টেম্বর।— ময়মনসিংহ জেলায় ১৭৮টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে প্রধান শিক্ষকের পদ ১১৮টি ও সহকারী শিক্ষকের পদ ৬০টি। দীর্ঘদিন ধরে এ পদগুলো শূন্য থাকায় জেলা প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে।

উপজেলাওয়ারী মোট প্রধান শিক্ষক, সহকারী শিক্ষকের শূন্যপদের সংখ্যা হচ্ছে ময়মনসিংহ সদর প্রধান শিক্ষক ৪, হালুয়াঘাট প্রধান শিক্ষক ৭, সহকারী শিক্ষক ১, ধোবাউড়া প্রধান শিক্ষক ৩, গফরগাঁও প্রধান শিক্ষক ১৭, সহকারী শিক্ষক ১৮, ঈশ্বরগঞ্জ প্রধান শিক্ষক ৯, সহকারী শিক্ষক ১, নান্দাইল প্রধান শিক্ষক ১২, সহকারী শিক্ষক ৭, মুক্তাগাছা প্রধান শিক্ষক ৯, ফুলবাড়িয়া প্রধান শিক্ষক ১১, ভালুকা প্রধান শিক্ষক ৮, সহকারী শিক্ষক ১৪, ফুলপুর প্রধান শিক্ষক ১৩, সহকারী শিক্ষক ১৭, গৌরীপুর প্রধান শিক্ষক ৭, ত্রিশাল প্রধান শিক্ষক ১৮, সহকারী ২।

ময়মনসিংহ জেলার ১২টি উপজেলায় ২৪৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়রয়েছে।